রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জাতীয় স্টিয়ারিং কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | প্রধানমন্ত্রীর উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (১২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (১৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (১৪) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৫) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (১৬) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |
| (১৭) | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| (১৮) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৯) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| (২০) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| (২১) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | : | সদস্য |
| (২২) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| (২৩) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | : | সদস্য |
| (২৪) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রাক-বাস্তবায়ন, বাস্তবায়ন পর্যায়ের মনিটরিং এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

(২) প্রকল্পের স্বত্বাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ যোগানের বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

(৩) প্রকল্প বাস্তবায়নের পথে বাধাসমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;

(৪) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনকারী/ স্থাপনের উপকরণাদি সরবরাহকারী সম্ভাব্য রাষ্ট্রসমূহের সঙ্গে প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনার বিষয়গুলো বিবেচনায় এনে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সম্পাদিত চুক্তিসমূহের অগ্রগতি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন, মানব সম্পদ উন্নয়ন এবং নিউক্লিয়ার সায়েন্স ও নিউক্লিয়ার টেকনোলজি সম্পর্কিত শিক্ষা, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণে দিকনির্দেশনা প্রদান;

(৬) প্রকল্প বাস্তবায়নে যে সকল আন্তর্জাতিক মানদণ্ড পূরণ অত্যাবশ্যক সে সকল মানদণ্ড পূরণের লক্ষ্যে চুক্তিসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান; এবং

(৭) দেশের পারমাণবিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও ক্ষতিকর তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের লক্ষ্যে বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণসহ উপযুক্ত আইন প্রণয়ন ও নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন/ প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান।

১.৩। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২১ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০৯
e-mail: js_economic@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd